অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল রাজ্যের ভাড়া সংক্রান্ত ত্রাণ কর্মসূচী ত্বরান্বিত করতে এবং আরো বেশি আবেদনকারীদের আকৃষ্ট করার জন্য পরিবর্তন ঘোষণা করেছেন

বঞ্চিত অঞ্চলগুলিতে আবেদন বৃদ্ধি করার জন্য বিপণন এবং প্রচারের প্রচেষ্টায় অতিরিক্ত 1 মিলিয়ন মার্কিন বিনিয়োগ করার নির্দেশ দিয়েছেন রাজ্যকে; আবেদনকারী সকল ভাড়াটেদের উচ্ছেদ থেকে সুরক্ষিত থাকবেন যতক্ষণ আবেদন পর্যালোচনা করা হবে

কর্মপ্রবাহের দ্রুত পর্যালোচনা এবং বিক্রেতা কর্মীদের পুন: মোতায়েন বিশেষভাবে বাড়িওয়ালার আউটরিচ এবং পেমেন্ট বাড়ানোর জন্য অসম্পূর্ণ আবেদনগুলি সমাধান করার জন্য নির্দেশ দিয়েছেন

স্বচ্ছতা বৃদ্ধির জন্য ভাড়া ত্রাণ প্রদানের নতুন প্রত্যেক কাউন্টির ডেটা এই সপ্তাহের পরে দিকে প্রকাশ্যে পোস্ট করা হবে

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্ক রাজ্যের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচির মধ্যে আরও বেশি আবেদন আকর্ষণ করতে এবং পেমেন্ট ত্বরান্বিত করার জন্য ধারাবাহিকভাবে কিছু পরিবর্তনের কথা ঘোষণা করেছেন। গভর্নরের নির্দেশনায়, রাজ্য ভাড়া ত্রাণ কর্মসূচি, উপলব্ধ তহবিল এবং যারা আবেদন করেন তাদের জন্য শক্তিশালী ভাড়াটে উচ্ছেদ সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে সচেতনতা বাড়াতে বিপণন এবং প্রচারের প্রচেষ্টায় অতিরিক্ত 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তার অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA), যা এই প্রোগ্রামটি পরিচালনা করে, তুলনামূলকভাবে কম সংখ্যক আবেদন আসা রাজ্যের অঞ্চলগুলিকে লক্ষ্য করে আবেদনের তথ্য বিশ্লেষণ করবে।

গভর্নর হোচুল ভাড়া ত্রাণ কর্মসূচির কর্ম প্রবাহার দ্রুত পর্যালোচনার আদেশও দিচ্ছেন এবং তার সাথে 100 জন চুক্তিবদ্ধ কর্মীদের পুন: নিয়োগের আদেশ দিচ্ছেন যাতে বাড়ির মালিকদের সাথে তারা কাজ করেন অনিষ্পন্ন আবেদনগুলি সম্পূর্ণ করার জন্য যা অর্থ প্রদানের প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে। তারা সরাসরি প্রচার করবে, বাড়ির মালিকদের সাথে একজনের সাথে একজন হিসেবে কাজ করবে, অনুপস্থিত তথ্য স্পষ্ট করবে এবং অনিষ্পন্ন বিষয়গুলির সমাধান করবেন যাতে আরও বেশি ভাড়ার ত্রাণ তহবিল বিতরণ করা যায়। উপরন্তু, কাউন্টি অনুযায়ী ভাড়ার ত্রাণের পেমেন্টের বিশদের জন্য নতুন তথ্য এই সপ্তাহের শেষের দিকে OTDA-র ওয়েবসাইটে

স্বচ্ছতা বাড়ানোর জন্য পোস্ট করা হবে। ওয়েবসাইটটি বর্তমানে আবেদনগুলির উৎপত্তি কোথায় এবং সেগুলির মৌলিক জনসংখ্যাতাত্ত্বিক তথ্য দেখায়।

"মহামারী অগণিত নিউ ইয়র্কবাসীকে আর্থিক অস্থিরতা এবং অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে যার ফলে অনেককে তাদের ভাড়া পরিশোধ করতে হিমশিম খেতে হচ্ছে", **গভর্নর হোচুল বলেন।** "আমাদের বিপণন এবং প্রচারের প্রচেষ্টাকে প্রসারিত এবং আরও ভালভাবে লক্ষ্য স্থির করে, আমরা সেই সম্প্রদায়গুলির মধ্যে সচেতনতা বাড়াতে পারি যাদের সব চেয়ে বেশি আমাদের সাহায্য প্রয়োজন, আরও বেশি মানুষকে আবেদন করতে উৎসাহিত করতে পারি এবং তাদের উচ্ছেদ হওয়া থেকে রক্ষা করতে পারি। আমরা কর্ম প্রবাহ পর্যালোচনা এবং পুনরায় বিন্যস্ত করছি এবং বিশেষ করে বাড়িওয়ালাদের তাদের আবেদনের মাধ্যমে সাহায্য করার জন্য আরো কর্মী নিয়োগ করব, যাতে আমরা অনিষ্পন্ন আবেদনগুলি সম্পূর্ণরূপে অনুমোদন করাতে পারি এবং অনেক বেশি দক্ষতার সাথে অর্থ প্রদান করতে পারি।"

আজ অবধি, 46,000 এরও বেশি ভাড়াটে তাদের আবেদনগুলি অস্থায়ীভাবে অনুমোদন করতে পেরেছেন এবং তাদের জন্য ভাড়া ত্রাণ তহবিল আলাদা করে রাখতে পেরেছেন, কিন্তু কিছু ক্ষেত্রে, ভাড়াটে এবং বাড়িওয়ালার আবেদনের মধ্যে তথ্যের মধ্যে ছোটখাট বৈষম্য বা বাড়িওয়ালার অ্যাকাউন্টগুলির পুনর্মিলনের প্রয়োজন অর্থ পাঠানয় বিলম্ব ঘটাচ্ছে। এই পুনরায় নিয়োগ করা বিক্রেতার কর্মীরা এই সমস্যাগুলি সংশোধন করার জন্য সক্রিয়ভাবে কাজ করবেন যাতে ইতিমধ্যেই সরিয়ে রাখা সরাসরি অর্থগুলি প্রদান করা যায়।

COVID-19 মহামারী দ্বারা প্রভাবিত কম এবং মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য জরুরী ভাড়ার সহায়তা বাবদ 2.7 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সহায়তা উপলব্ধ। অভিবাসন স্থিতি নির্বিশেষে, যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য এই প্রোগ্রামটি 12 মাসের পূর্ববর্তী বকেয়া ভাড়া, তিন মাসের সম্ভাব্য ভাড়ার সহায়তা এবং 12 মাসের ইউটিলিটির বকেয়া পরিশোধ করতে সহায়তা করে।

যখন 1 জুন থেকে কর্মসূচীটি আবেদন গ্রহণ শুরু করে, OTDA 680 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ফেডারেল তহবিল বিতরণ করেছে বা প্রদান করার বাধ্যবাধকতা তৈরি করেছে, যার মধ্যে 200 মিলিয়ন ডলারেরও বেশি বাড়িওয়ালাদের সরাসরি অর্থ প্রদান অন্তর্ভূক্ত। ন্যাশনাল লো ইনকাম হাউজিং কোয়ালিশন রিপোর্টিং অনুযায়ী, যা এই কর্মসূচির প্রত্যেক রাজ্যের বাস্তবায়নের উপর নজর রাখে, নিউ ইয়র্ক এখন জাতীয়ভাবে সর্বাধিক অনুমোদিত অর্থায়ন বা পরিবারকে প্রদান করা তহবিলের জন্য দ্বিতীয় স্থানে রয়েছে।

নিউ ইয়র্কের ভাড়ার ত্রাণ কর্মসূচি জাতির সব চেয়ে শক্তিশালী ভাড়াটে সুরক্ষা প্রদান করে, যা আগস্ট 31 রাজ্যের উচ্ছেদ স্থগিতাদেশের সমাপ্তির সাথে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য গুরুত্বপূর্ণ হবে। প্রোগ্রামে আবেদনকারীরা স্বয়ংক্রিয়ভাবে উচ্ছেদ থেকে সুরক্ষা পান যখন তাদের আবেদন অনিষ্পন্ন থাকে।

সহায়তা পাওয়ার জন্য, একজন বাড়িওয়ালাকে অবশ্যই অতীতের বাকি থাকা ভাড়ার কারণে বিলম্বিত ফি পরিত্যাগ করতে সম্মত হতে হবে; এবং তারা ভাড়াটেদের মাসিক ভাড়া বাড়াবেন না বা সীমিত কিছু পরিস্থিতি বাদে তাদের এক বছরের জন্য উচ্ছেদ করবেন না।

ফেডারেল আইনের অধীনে, ভাড়াটে এবং বাড়িওয়ালা উভয়কেই অর্থ প্রদান করার আগে আবেদনটি সম্পূর্ণ করতে হবে। তবেম নিউ ইয়র্ক রাজ্য, আবেদনের ভাড়াটে পক্ষকে অনুমোদন করার অনুমতি দেয় যাতে ভাড়াটে সম্পূর্ণরূপে এই প্রোগ্রামের দ্বারা প্রদান করা উচ্ছেদের সুরক্ষাগুলির দ্বারা আচ্ছাদিত থাকেন। এই ক্ষেত্রে, রাজ্য ছয় মাসের জন্য বাধ্যতামূলক তহবিল ধরে রাখে যখন বাড়িওয়ালাকে চিহ্নিত করার এবং অর্থ প্রদানের প্রচেষ্টা করা হয়। এই পরিস্থিতিতে ভাড়াটেরা একটি স্পষ্ট বিজ্ঞপ্তি পাবেন যা তারা এক বছর পর্যন্ত উচ্ছেদ এড়াতে একটি ইতিবাচক প্রতিরক্ষা হিসাবে ব্যবহার করতে পারেন।

"আমরা নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনে সাহায্য করার দিকে মনোনিবেশ করছি এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোচুলের নেতৃত্ব এবং সহায়তার জন্য কৃতজ্ঞ", **OTDA কমিশনার মাইক হেইন বলেছেন।** "যদিও আমরা আবেদনের প্রক্রিয়া সহজ এবং দ্রুত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রেখেছি, আমরা সমস্ত যোগ্য নিউ ইয়র্কবাসীদের এই গুরুত্বপূর্ণ সহায়তার জন্য আবেদন করার জন্য উৎসাহিত করছি যাতে তারা সমস্ত আবেদনকারীদের প্রদান করা শক্তিশালী উচ্ছেদ সুরক্ষার দ্বারা সুরক্ষিত থাকেন।"

এই মাসের শুরুর দিকে, OTDA পোর্টালে আবেদনের জন্য 'সেভ অ্যান্ড রিজিউম' ফাংশন যোগ করেছে, যা আবেদনকারীদের প্রয়োজনে বিরতি দিতে এবং প্রক্রিয়াতে ফিরে আসার অনুমতি দেয়। এজেন্সি একটি উন্নত স্ট্যাটাস বৈশিষ্ট্যও যোগ করেছে, যা আবেদনকারীদের আরো স্পষ্টভাবে বুঝতে দেয় তাদের আবেদনটি প্রক্রিয়ার মধ্যে কোথায় আছে। এছাড়াও, আবেদন করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশনের পরিমাণ কমানোর মাধ্যমে এজেন্সি আবেদনের প্রক্রিয়া আরো সুসংগত করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন